দারুল কিরাত মজিদিয়া ফুলতলী ট্রাস্ট

প্রধান কেন্দ্রঃ ফুলতলী ছাহেব বাড়ি

জকিগঞ্জ, সিলেট

১৪৪০ হিজরী

ছাদিছ জামাতে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৯ ঈসায়ী

১. ০৬ এপ্রিল, ২০১৯ সকাল ৯টা থেকে দারুল কিরাতের নিজস্ব ওয়েবসাইটের Online Admission লিংক এর মাধ্যমে নিয়মিত, অনিয়মিত ও মান্নোয়নের ছাত্র এবং ছাত্রীদের অনলাইন ভর্তি কার্যক্রম শুরু হবে।

(ক) নিয়মিত ছাত্র, যারা ইতিপূর্বে আর কখনো ছাদিছ জামাতে ভর্তি হননি, তাদের মধ্যে যারা প্রথম ও দ্বিতীয় বিভাগে খামিছ পাশ করেছেন তারা ৬ এপ্রিল, ২০১৯ থেকে ২০ এপ্রিল, ২০১৯ পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন। আসন খালি থাকলে খামিছ জামাতে তৃতীয় বিভাগে উত্তীর্ণরা ২১ এপ্রিল, ২০১৯ থেকে ২৫ এপ্রিল, ২০১৯ পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন।

(খ) মানোন্নয়ন ও অনিয়মিত ছাত্র এবং নিয়মিত-অনিয়মিত সকল ছাত্রী ৬ এপ্রিল, ২০১৯ থেকে ২০ এপ্রিল, ২০১৯ পর্যন্ত অনলাইন আবেদন করতে পারবেন।

২. ছাদিছ জামাতে কেবল নিয়মিত ছাত্রদের ভর্তির ক্ষেত্রে ন্যূনতম বয়সসীমা নির্ধারণ করা হয়েছে। এ হিসেবে নিয়মিত ছাত্রদের মধ্যে যারা জন্মসনদ অনুযায়ী ৩১ ডিসেম্বর, ২০০৫ ইং তারিখের পর জন্মগ্রহণ করেছেন তারা ভর্তি হতে পারবেন না। বয়স প্রমাণের জন্য প্রত্যেক নিয়মিত ছাত্রকে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ভর্তি চূড়ান্ত করার সময় জমা দিতে হবে। অনলাইনে প্রদত্ত জন্ম তারিখ ভুল প্রমাণিত হলে ভর্তি বাতিল হবে।

৩. নিয়মিত ছাত্রদের ভর্তি ফি জনপ্রতি ৬০০/= (ছয়শত টাকা মাত্র)। নিয়মিত প্রত্যেক ছাত্রকে ১ রামাদ্বান সকাল ১০টার সময় প্রধানকেন্দ্র অফিসে ভর্তি ফি জমা দিয়ে রসিদ সংগ্রহ করতে হবে। এ সময় অনলাইন থেকে প্রাপ্ত নতুন পরিচয়পত্রের ১টি ফটোকপি, ১ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, রাবে ও খামিছ সার্টিফিকেটের ১টি করে ফটোকপি এবং জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিয়ে ভর্তি চূড়ান্ত করতে হবে।

৪. অনিয়মিত ছাত্রদের ভর্তি ফি জনপ্রতি ৬০০/= (ছয়শত টাকা মাত্র)। অনিয়মিত ছাত্রদের নিম্নোক্ত তারিখে প্রধানকেন্দ্র অফিসে ভর্তি ফি জমা দিয়ে রসিদ সংগ্রহ করতে হবে। এ সময় অনলাইন থেকে প্রাপ্ত নতুন পরিচয়পত্রের ১টি ফটোকপি, ১ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, রাবে ও খামিছ সার্টিফিকেটের ১টি করে ফটোকপি, ছাদিছ জামাতের পূর্বের মূল পরিচয়পত্র এবং জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিয়ে ভর্তি চূড়ান্ত করতে হবে।

অনিয়মিত ছাত্রদের ভর্তি ফি ও কাগজপত্র জমাদানের তারিখ নিম্নরূপঃ

রোল নং	ভর্তি ফি ও কাগজপত্র জমাদানের তারিখ	সময়
০০১-৩০০	৪ রামাদান, ১৪৪০ হিজরী	সকাল ১০.০০ টা
৩০১-৬০০	৫ রামাদান, ১৪৪০ হিজরী	সকাল ১০.০০ টা
৬০০- শেষ পর্যন্ত	৬ রামাদান, ১৪৪০ হিজরী	সকাল ১০.০০ টা

৫. মানোন্নয়নের ভর্তি ফি জনপ্রতি ৬০০/= (ছয়শত টাকা মাত্র)। মানোন্নয়নের ক্ষেত্রে প্রত্যেক ছাত্রকে প্রধানকেন্দ্র অফিসে ৪ রামাদ্বান থেকে ৫ রামাদ্বান পর্যন্ত ভর্তি ফি জমা দিয়ে ভর্তি চূড়ান্ত করতে হবে। এ সময় অনলাইন

থেকে প্রাপ্ত নতুন পরিচয়পত্রের ১টি ফটোকপি, ১ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, রাবে ও খামিছ সার্টিফিকেটের ১টি করে ফটোকপি, ছাদিছ জামাতের পূর্বের মূল পরিচয়পত্র ও দারুল কিরাতের যে কোনো শাখায় দুই বৎসর শিক্ষকতার নিয়োগপত্রের মূলকপি (প্রত্যেকটির ১টি করে ফটোকপিসহ) জমা দিতে হবে।

৬. ছাত্রীদের ভর্তি ফি জনপ্রতি ৫০০/= (পাঁচশত টাকা মাত্র)। ছাত্রীদের ভর্তি ফি ২২ এপ্রিল, ২০১৯ থেকে ২৮ এপ্রিল, ২০১৯ পর্যন্ত প্রধানকেন্দ্র ফুলতলী ছাহেব বাড়ি'র অফিসে অথবা সুবহানীঘাট হাজী নওয়াব আলী মার্কেটের ২য় তলায় (আনজুমানে আল ইসলাহ'র সিলেট বিভাগীয় কার্যালয়ে) অভিভাবক/প্রতিনিধির মাধ্যমে সকাল ১০টা থেকে বিকাল ৩ টার মধ্যে জমা দিতে হবে। এ সময় অনলাইন থেকে প্রাপ্ত নতুন পরিচয়পত্রের ১টি ফটোকপি, এক কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, রাবে ও খামিছ সার্টিফিকেটের ১টি করে ফটোকপি এবং জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিয়ে ভর্তি চূড়ান্ত করতে হবে।

৭. বিদেশের ছাত্রগণ বিশেষত ভারতের যে সকল ছাত্র লতিফিয়া দারুল কিরাত সমিতির অধীনে খামিছ প্রথম/দ্বিতীয় বর্ষ পাশ করেছেন তাদের ১ রামাদ্বান সরাসরি প্রধান কেন্দ্রের অফিসে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে। ভর্তির সময় তাদের নির্ধারিত ভর্তি ফি, রাবে ও খামিছ সার্টিফিকেটের ১টি করে ফটোকপি, ২ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি এবং পাসপোর্ট ও ভিসার ফটোকপি জমা দিতে হবে। যারা দারুল কিরাত মজিদিয়া ফুলতলী ট্রাস্টের অধীনে খামিছ পাশ করেছেন তাদের অনলাইনে ভর্তি হতে হবে।

৮. কেউ নাম ঠিকানা পরিবর্তন করতে চাইলে ৭ থেকে ১০ রামাদ্বানের মধ্যে প্রমাণপত্র (প্রাতিষ্ঠানিক সার্টিফিকেট, জন্মনিবন্ধন সনদ ও স্থানীয় কারী সোসাইটির প্রত্যয়নপত্র)সহ আবেদন করতে হবে। পরবর্তীতে কোনো সময় আর নাম ঠিকানা পরিবর্তন করা যাবে না।

৯. মানোন্নয়ন ও অনিয়মিত ছাত্রদের ক্লাস ও বোর্ডিং এ অবস্থানের কোনো সুযোগ থাকবে না।

১০. ছাত্রীদেরও ক্লাসের কোনো সুযোগ নেই। ছাত্রীগণ কেবল পরিচয়পত্রে প্রদত্ত নির্ধারিত তারিখে কিরাত ও তাজবীদ পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

১১. নিয়মিত ছাত্রদের মধ্যে যারা বোর্ডিং-এ অবস্থান করবেন তাদের আবাসিক রুম ও সীট নম্বর ২৯ শা'বান প্রধান কেন্দ্রের নোটিশ বোর্ডে টানিয়ে দেওয়া হবে।

১২. ছাত্রগণ ২৯ শা'বান ফুলতলীতে আসবেন। কোনোভাবেই এর পূর্বে কেউ আসবেন না। ২৯ শা'বানের পূর্বে ছাত্রদের থাকা-খাওয়ার কোনো ব্যবস্থা করা হয় না।

১৩. ১ রামাদ্বান সকাল ৯টা থেকে ক্লাস শুরু হবে। সবাইকে এর পূর্বে অবশ্যই উপস্থিত হতে হবে।

১৪. কোনো ছাত্র চাইলে লজিং-এ অবস্থান করতে পারবে। তবে বাজার বা কোনো দোকানে রুম ভাড়া করে থাকা যাবে না।

১৫. আবাসিক ছাত্রদের পরবর্তী প্রয়োজনের জন্য দুই কপি পাসপোর্ট সাইজ ছবি সাথে রাখতে হবে।

১৬. বোর্ডিং এ অবস্থানে ইচ্ছুক ছাত্রদের নিত্যপ্রয়োজনীয় আসবাবপত্র যেমন- বিছানা, জায়নামায, ছাতা, প্লেইট, গ্লাস, বাটি সঙ্গে আনতে হবে। নিত্য প্রয়োজনীয় নয় এমন এবং দামী কোনো জিনিস সাথে না আনাই বাঞ্ছনীয়।

১৭. অনলাইনে নির্ধারিত তারিখের পূর্বে বা পরে আবেদনপত্র জমা দেওয়া বা ভর্তির কোনো সুযোগ থাকবে না।

১৮. অনলাইনে ভর্তির আবেদনের ক্ষেত্রে ভর্তি নির্দেশিকা অনুসরণ করতে হবে।

বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষ যে কোনো নিয়ম পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন।

মুহাম্মদ হুছামুদ্দীন চৌধুরী
নাজিম